

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুদ্ধ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২৪১-আইন/২০১২/৬৫৮-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৪-আইন/২০১২/৬৪২-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৩৩.০৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

সৌন্দর্য্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানক্রিন বা সান ট্যান সামগ্রী; হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ;		
৩৩০৪.১০.০০	ওষ্ঠাধার প্রসাধন সামগ্রী	২০
৩৩০৪.২০.০০	চক্ষু প্রসাধন সামগ্রী	২০
৩৩০৪.৩০.০০	হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী	২০
৩৩০৪.৯১.০০	পাউডার, চাপযুক্ত হউক বা না হউক	২০
৩৩০৪.৯৯.০০	অন্যান্য	শূন্য"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ ফরিদ উদ্দিন)

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)